


বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০১৭-১৮ অর্থ বছরের অর্জনসমূহ
ভূমি ও আইন শাখা


ভূমি সংক্রান্তঃ


➤	২০১৭-১৮ অর্থ বছরে ট্রাস্টের ২৩টি প্রতিষ্ঠানের সরকারের ধার্যকৃত ভূমি উন্নয়ন কর পরিশোধ করে হালনাগাদ দাখিলা সংগ্রহ করা হয়;
➤	২০১৭-১৮ অর্থ বছরে ২৩টি প্রতিষ্ঠানের পৌর কর পরিশোধ করে স্ব-স্ব হোল্ডিং এর নামে রিসিট সংগ্রহ করা হয়;

আইন ও মামলা সংক্রান্তঃ

➤	ট্রাস্টের বিদ্যমান মামলা-মোকদমা সংখ্যা বিশেষ করে যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ভাতা সংক্রান্ত মামলা বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জুডিসিয়ালি মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করায় মামলা ত্রাসসহ নিষ্পত্তিতে গতিশীল আনায়ন করা হয়েছে।
➤	উক্ত অর্থ বছরে ট্রাস্টের সম্পত্তি রক্ষার্থে গাজিপুরস্থ জজ জজকোর্টে দেওয়ানি বিষয়ক মামলা রুজু হয় এবং ট্রাস্টের পক্ষে প্যানেল আইনজীবী নিয়োগসহ আইনগত পদক্ষেপ নেয়া হয়;
➤	উক্ত অর্থ বছরে গাজিপুর সদর সহকারী কমিশনার (ভূমি) এর আদালতে নামজারীর বিষয়ক ০১(এক)টি মামলা ট্রাস্টের পক্ষে নিষ্পত্তি হয়;
➤	উক্ত অর্থ বছরে মহামান্য হাইকোর্টে ট্রাস্টের বিরুদ্ধে ২৫টি রিট মামলা দায়ের হয় এবং ট্রাস্টের পক্ষে আইনজীবী নিয়োগসহ আইনগত পদক্ষেপ নেয়া হয়;
➤	উক্ত অর্থ বছরে ভাতা সংক্রান্ত একটি সিভিল আপিল মামলা সুপ্রিমকোর্টের আপিল বিভাগে নিষ্পত্তি হয়।
➤	ইতোপূর্বে গঠিত The Bangladesh (Freedom Fighters) Welfare Trust Order, 1972 (President's Order 94 of 1972) এর বিষয়বস্তু বিবেচনায় সময়ের চাহিদায় আদেশটি যুগপোযোগি করার প্রয়োজনীয়তা বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ বাংলা ভাষায় প্রণয়ন করা হয়, যা আইনে পরিণত হওয়ার অপেক্ষায় রয়েছে।


সহকারী কর্মকর্তা
মোঃভূমি ও আইন ইসলাম
সহকারী কর্মকর্তা (ভূমি ও আইন)



বেসিক কর্মকর্তা
(ভূমি ও আইন)


উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
মোঃ সিরাজুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক প্রশাসন (চঃ দাঃ)

শিল্প ও বাণিজ্য বিভাগ

প্রকৌশল শাখার গুরুত্বপূর্ণ কার্যক্রমের অর্জন সমূহের তথ্যাদিঃ


ক্রঃ নং	কাজের নাম	কাজ সম্পন্নতার তারিখ	২০১৭-১৮ অর্থ বছরের কাজ	মন্তব্য
১।	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মালিকানাধীন চট্টগ্রামের আগ্রাবাদস্থ বাণিজ্যিক এলাকায় ৭১নং প্লটের ০.১৯২৭ একর জমির উপর ৪টি বেইজমেন্টসহ ২৯ তলা (৪বি+২৫) বাণিজ্যিক ভবন নির্মাণ।	৩১/১০/২০১৮ (সর্বশেষ বর্ধিত)	(৪বি+২৫)=২৯তলা ভবনের ফ্রেইম ট্রাকচারের কাজ ও প্রতিটি ফ্লোরের ভিতরের প্লাস্টারের কাজ শেষ হয়েছে।	
২।	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মালিকানাধীন চট্টগ্রামের আগ্রাবাদস্থ বাণিজ্যিক এলাকায় ৩৬নং প্লটের ০.২৪০৯ একর জমির উপর ২টি বেইজমেন্টসহ ১৯ তলা (২বি+১৭) বাণিজ্যিক ভবন নির্মাণ।	৩১/১০/২০১৮ (সর্বশেষ বর্ধিত)	(২বি+১৭)=১৯তলা ভবনের কাজ শেষ হয়েছে।	
৩।	ঢাকার পোস্তগোলাস্থ ১২১, করিমুল্লাবাগের ৪.২৩ একর জমির উপর কার পার্কিং, কমিনিউটি সেন্টার, ডিপার্টমেন্টাল স্টোর, মসজিদ, স্ট্যান্ডার্ড প্রাথমিক বিদ্যালয়, চিলড্রেন পার্ক, খেলার মাঠ, ওয়াটার বডি ইত্যাদিসহ আবাসিক কমপ্লেক্স নির্মাণ।	২৭/১১/২০১৬	রাজউক হতে বৃহদায়ন প্রকল্পের ছাড়পত্র পাওয়া গিয়েছে।	
৪।	চট্টগ্রামস্থ ২১৫/২১৬, নাসিরাবাদস্থ শিল্প এলাকা, বায়েজিদ বোস্তামী রোডে অবস্থিত জমির উপর বাস্তুসংস্থ ওয়্যার হাউজ নির্মাণ (২য় ধাপ)।	কাজ সম্পন্নতার তারিখ ৩১/১০/২০১৮	প্রায় ৩২% কাজ সম্পন্ন হয়েছে।	
৫।	হরদেওর অফিস বাড়ীর ০.২৬৯৫ একর জমির ওপর শেয়ারিং পদ্ধতিতে ডেভেলপারের মাধ্যমে বাণিজ্যিক-কাম-আবাসিক ভবন নির্মাণ।	১২/০২/২০১৮ তারিখে Notification of Award প্রদান করা হয়েছে। নোটিফিকেশন অনুযায়ী ১.২০ কোটি টাকা সাইনিং মানি পাওয়া গিয়েছে।		
৬।	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠান (ক) মিমি চকলেট লিঃ এর ১.০০ একর, (খ) পুরাতন তাবানির ১.০০ একর ও (গ) চট্টগ্রামস্থ দেলোয়ার পিকচার্স লিঃ-এর ০.৬৫৯৯ একর জমির ওপর শেয়ারিং পদ্ধতিতে ডেভেলপারের মাধ্যমে বাণিজ্যিক কমপ্লেক্স নির্মাণ এবং (গ) ১৫০/১৫২ বি,কে রোড, ভগবানগঞ্জ নারায়নগঞ্জের ৩৪.০৭ শতক জমির ওপর বিওটি পদ্ধতিতে ডেভেলপারের মাধ্যমে ভবন নির্মাণ কাজের টেন্ডার কার্যক্রম সম্পন্ন করার পর অনুমোদন প্রক্রিয়াধীন আছে।			


০২/০৮/১৮


মোঃ আনবারুল হক
উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)


০২/০৮/১৮


মোঃ সাজ্জাদুল ইসলাম
সহকারী প্রকৌশলী (সিভিল)


০২/০৮/১৮

ভবতোষ চন্দ্র পাল
সহঃ প্রকৌশলী (বিদ্যুৎ)


০২/০৮/১৮

মোঃ আবু সুফিয়ান
উপ-প্রধান প্রকৌশলী (সিভিল)


০২/০৮/১৮
(K.B. Jalal Uddin Ahmed)
B.Sc. Engg. (Civil) FIEB-6556
Chief Engineer
Bangladesh Freedom Fighters' Welfare Trust
88, Motijheel, Dhaka.

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

"স্বাধীনতা ভবন"

৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০


(www.bffwt.gov.bd)


বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০১৭-২০১৮ অর্থ বছরের অর্জন সমূহের তথ্যাদিঃ-


প্রশাসন বিভাগঃ

মানবসম্পদ শাখাঃ

▶	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রধান কার্যালয়ের জন্য ১৬৭ জনবল কাঠামো পুনর্গঠন করা হয়েছে;
▶	১৮ (আঠার) জন কর্মকর্তা/কর্মচারিকে পিআরএল প্রদান করা হয়েছে;
▶	০২(দুই) জন কর্মকর্তা ও ০৮ (আট) জন কর্মচারিকে পদোন্নতি প্রদান করা হয়েছে;
▶	১৫ (পনের) জন কর্মকর্তা ও ৩৪ (চৌত্রিশ) জন কর্মচারিকে উচ্চতর গ্রেড ও সিলেকশন গ্রেড স্কেল প্রদান করা হয়েছে;
▶	০৬(ছয়) জন শ্রমিককে কর্মচারি হিসেবে পদোন্নতি, ০৪(চার) জন শ্রমিককে তাদের উচ্চতর পদে পদোন্নতি এবং ০৯(নয়) জন শ্রমিককে আপগ্রেডেশন স্কেল প্রদান করা হয়েছে;
▶	০৩(তিন)টি প্রকল্পের জন্য চুক্তিভিত্তিক নিয়োজিত ০৩(তিন) জন প্রকৌশলীর মেয়াদ পরবর্তী ০১(এক) বৎসরের জন্য বৃদ্ধি করা হয়েছে;
▶	স্বাধীনতা ভবনের ০৩(তিন)টি ভাড়া চুক্তি সম্পাদন করা হয়েছে।


হাবিব উল্লাহ পাটোয়ারী
সহঃ প্রোগ্রামার-১/কম্পিউটার/অপারেশন (প্রশাসন)


মোঃ রুহুল আমিন
সহকারী কর্মকর্তা (মানব সম্পদ)


ফিরোজা ইয়াসমিন
সহকারী কর্মকর্তা (প্রশাসন)

কল্যাণ বিভাগ


কল্যাণ বিভাগের গুরুত্বপূর্ণ কার্যক্রমের অর্জন সমূহের তথ্যাদিঃ


১. ২০১৭-১৮ অর্থ বৎসরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা পরিবার ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের মোট ৭০২১ জনকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদান করা হয়েছে।
২. ২০১৭-১৮ অর্থ বৎসরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা পরিবার ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের মোট ২৩০৪৫ জন সদস্যের জন্য রেশন সুবিধা প্রদান করা হয়েছে।
৩. ২০১৭-১৮ অর্থ বৎসরে ৩৬০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে দেশে/বিদেশে চিকিৎসা সুবিধা প্রদান করা হয়েছে।
৪. ২০১৭-১৮ অর্থ বৎসরে ৩০০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে ডিজিটালআইডি কার্ড প্রদান করা হয়েছে।
৫. ২০১৭-১৮ অর্থ বৎসরে মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের স্নাতক/স্নাতকোত্তর চিকিৎসা/প্রকৌশল শাখার শিক্ষার্থীদের মাসিক ১৫০০/- টাকা হারে ৩৭০ জনকে এবং সাধারণ শিক্ষার্থীদের মাসিক ১০০০/- টাকা হারে ২৫৩০ জনকে সর্বমোট ২৯০০ জনকে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান করা হয়েছে।
৬. ২০১৭-১৮ অর্থ বৎসরে গণবাহিনীর বীরত্বভূষণপ্রাপ্ত ৯৬ জন মুক্তিযোদ্ধা/তাদের উত্তরাধিকারিকে বীরত্বভূষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান নীতিমালা-২০১৬ অনুযায়ী ভাতা প্রদান করা হয়েছে।
৭. ২০১৭-১৮ অর্থ বৎসরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধার ৩৫ জন কন্যা সন্তানকে বিবাহ অনুদান প্রদান করা হয়েছে।
৮. ২০১৭-১৮ অর্থ বৎসরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধার ১৩৫ জন সন্তানকে শিক্ষা অনুদান প্রদান করা হয়েছে।
৯. ২০১৭-১৮ অর্থ বৎসরে হুইল চেয়ারে চলাচলকারি যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের আবহাওয়া পরিবর্তনের জন্য ৮ দিন কল্লবাজার সমুদ্র সৈকতে ভ্রমণের ব্যবস্থা করা হয়েছে।
১০. ২০১৭-১৮ অর্থ বৎসরে হুইল চেয়ারে চলাচলকারি ০১ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে প্রতি মাসে ১৯০০/- টাকা হারে এবং ০৭ জনকে প্রতি মাসে ১১০০/- টাকা করে মোবাইল ফোন খরচ প্রদান করা হয়েছে।
১১. ২০১৭-১৮ অর্থ বৎসরে হুইল চেয়ারে চলাচলকারি ০৮ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা প্রত্যেককে পথ্য হিসাবে দুধ, হরিলক্ষ, মালটোবা ক্রয় বাবদ প্রতি মাসে ৩০০০/- টাকা করে খরচ প্রদান করা হয়েছে।
১২. ২০১৭-১৮ অর্থ বৎসরে ঢাকায় অবস্থানরত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা পরিবার ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের জন্য বনভোজনের আয়োজন করা হয়েছে।
১৩. ২০১৭-১৮ অর্থ বৎসরে ঢাকায় অবস্থানরত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা পরিবার ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের জন্য ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।
১৪. ২০১৭-১৮ অর্থ বৎসরে শহিদ দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, মুজিবনগর দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে।

১৫. ২০১৭-১৮ অর্থ বৎসরে ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিন ও ১৫ আগষ্ট শাহাদাৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে।

১৬। The Bangladesh (Freedom Fighters) Welfare Trust Order, 1972 (P.O. No. 94 of 1972) এর 2(h) ধারায় সুবিধাভোগি মুক্তিযোদ্ধার সংজ্ঞায় প্রতিরক্ষা, পুলিশ, বেসামরিক সশস্ত্র বাহিনীতে কর্মরত সদস্য অথবা সরকারি কোন পেনশনভোগি অথবা যার নিয়মিত আয়ের উৎস আছে তাদেরকে মুক্তিযোদ্ধার সংজ্ঞায় অন্তর্ভুক্ত না করায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রতিরক্ষা, পুলিশ, বেসামরিক সশস্ত্র বাহিনীতে কর্মরত ছিলেন এমন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যগণকে ভাতা প্রদান করা সম্ভব হয় না। গণবাহিনীর সদস্যের ন্যায় প্রতিরক্ষা, পুলিশ, বেসামরিক সশস্ত্র বাহিনীর মুক্তিযোদ্ধাদেরও মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রয়েছে। গণবাহিনীসহ সকল বাহিনীর যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারকে ভাতা প্রদানের ক্ষেত্রে সমান সুযোগ প্রদানের লক্ষ্যে পিও ৯৪/৭২ এর 2(h) এ উল্লিখিত সুবিধাভোগি মুক্তিযোদ্ধার সংজ্ঞা সংশোধনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

১৭। যুদ্ধাহত ও শহিদ মুক্তিযোদ্ধাদের পরবর্তী প্রজন্মের জন্য ভাতা মঞ্জুরের ক্ষেত্রে The Bangladesh (Freedom Fighters) Welfare Trust Order, 1972 (P.O. No. 94 of 1972) এর 2(d) ধারায় যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং শহিদ মুক্তিযোদ্ধার সন্তান যদের বয়স ২১ বছরের অধিক এবং বিবাহিত কন্যাগণ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধার উপর নির্ভরশীল বলে গণ্য নয়। ফলে ২১ বছরের অধিক বয়সের পুত্র সন্তান এবং বিবাহিত কন্যা সন্তানগণ ভাতা প্রাধিকার প্রাপ্ত নন। এ অবস্থা নিরসনকল্পে The Bangladesh (Freedom Fighters) Welfare Trust Order, 1972 (P.O. No. 94 of 1972) এর 2(d) ধারা সংশোধনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।



মোঃ জিয়ারতুল্লাহ (উদ্দিন)
মৌলিক কর্মকর্তা
প্রশাসন ও রেকর্ড
কল্যাণ বিভাগ
মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট



মোঃ মনজুর আলম
উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ধীন)


অর্থ বিভাগ :

অর্থ বিভাগের গুরুত্বপূর্ণ কার্যক্রমের অর্জন সমূহের তথ্যাদিঃ

➤	২০১৭-১৮ অর্থ বৎসরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা পরিবার ও মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারের মোট ৬৮৮৮ জন কে রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান করা হয়েছে ২৪৫,৩৪,২০,৬০০/- (দুইশত পাঁচচল্লিশ কোটি চৌত্রিশ লক্ষ বিশ হাজার ছয়শত) টাকা।
➤	২০১৭-১৮ অর্থ বৎসরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধাকে দেশে/বিদেশে চিকিৎসা সুবিধা বাবদ প্রদান করা হয়েছে ৪,০৭,৮৭,৯৭৬/- (চার কোটি সাত লক্ষ সাতাশি হাজার নয়শত ছিয়াত্তর) টাকা।
➤	২০১৭-১৮ অর্থ বৎসরে মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের ২৮২৮ জনকে বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান করা হয়েছে ৩,৭০,১৫,৬৩৪/- (তিন কোটি সত্তর লক্ষ পনের হাজার ছয়শত চৌত্রিশ) টাকা।
➤	২০১৭-১৮ অর্থ বৎসরে গণবাহিনীর খেতাবপ্রাপ্ত ৮৬ জন মুক্তিযোদ্ধা / তাদের উত্তরাধিকারীকে খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের নীতিমালা ২০১৬ অনুযায়ী সম্মানী ভাতা প্রদান করা হয়েছে ১,৬৮,৬৯,৮৪২/- (এক কোটি আটষট্টি লক্ষ উনসত্তর হাজার আটশত বিয়াল্লিশ) টাকা।
➤	২০১৭-১৮ অর্থ বৎসরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধার ৩৭ জন কন্য সন্তানকে বিবাহ ভাতা প্রদান করা হয়েছে ৭,২১,৬৪০/- (সাত লক্ষ একুশ হাজার ছয়শত চল্লিশ) টাকা।
➤	২০১৭-১৮ অর্থ বৎসরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধার ১৩১ জন সন্তানকে শিক্ষা অনুদান প্রদান করা হয়েছে ১,৯৬,৪০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত) টাকা।


সাইকেট উদ্দিন চৌধুরী
সহঃ হিসাব রক্ষণ কর্মকর্তা
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট


মোহাম্মদ হোসেন
অতিরিক্ত প্রধান হিসাবরক্ষক
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়স্বত্বাধীন)
৮৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০


দিপক কুমার
পরিচালক (অর্থ)
(মুগা সচিব)
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।